# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : college@dinajpureducationboard.gov.bd


স্মারক নং- মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০১৫/৩০৪(২) তারিখঃ ০৪/০৬/২০১৫

## এসএমএস ও অন-লাইনের মাধ্যমে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কলেজ/ সমমান প্রতিষ্ঠান সমূহে ভর্তির আবেদন করার নিয়মাবলী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কলেজ/সমমান প্রতিষ্ঠান সমূহে একাদশ শ্রেণীতে এসএমএস ও অনলাইনে ভর্তির আবেদন করা যাবে।

### SMS এর মাধ্যমে ভর্তির আবেদন করার পদ্ধতি

SMS এর মাধ্যমে আবেদন করতে হলে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে আবেদন করা যাবে। মোবাইলের Message অপশনে গিয়ে CAD<space> ভর্তিচ্ছু কলেজের EIIN<space> ভর্তিচ্ছু গ্রুপের নামের প্রথম দুই অক্ষর <space>এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space>এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর <space>এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন <space>ভর্তিচ্ছু শিফ্‌টের নাম<space>ভার্সন <space>কোটার নাম লিখে Send করতে হবে 16222 নাম্বারে।

**উদাহরণঃ** CAD 696954 SC DIN 123456 2015 D B FQ (এখানে 696954-ভর্তিচ্ছু কলেজ/সমমান শিক্ষা প্রতিষ্ঠানের EIIN, SC- ভর্তিচ্ছু গ্রুপের নামের প্রথম দুই অক্ষর, DIN- এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর, 123456- আবেদনকারীর এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নাম্বার, ২০১৫-এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন, D- শিফ্‌টের নামের প্রথম অক্ষর, B- ভার্যন এর প্রথম অক্ষর, FQ- মুক্তিযোদ্ধা কোটা)।

ভর্তিচ্ছু গ্রুপের Key Word:

✡ **সাধারণ বোর্ডঃ** Science এর জন্য SC, Humanities এর জন্য HU, Business Studies এর জন্য BS, Home Economics এর জন্য HE, Islamic Studies এর জন্য IS, Music এর জন্য MC লিখতে হবে।

✡ **শিফ্‌টের ক্ষেত্রেঃ** Morning এর জন্য M,Day এর জন্য D,Evening এর জন্য E এবং আবেদনকৃত কলেজে যদি কোন শিফট না থাকে তবে শিফটের জায়গায় N লিখতে হবে।

✡ **ভার্সনের ক্ষেত্রেঃ** বাংলা ভার্সনের ক্ষেত্রে B, English Version এর জন্য E লিখতে হবে।

✡ **কোটার ক্ষেত্রেঃ** মুক্তিযোদ্ধা কোটার জন্য FQ এবং শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়ের অধিনস্ত দপ্তরসমূহ, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী এবং প্রতিষ্ঠানের গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের কোটার জন্য EQ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত বিশেষ কোটার জন্য SQ লিখতে হবে। কোন শিক্ষার্থী একাধিক কোটায় আবেদন করার যোগ্যতা থাকলে কমা (,) দিয়ে একাধি কোটা উল্লেখ করতে হবে। যেমন-কোন শিক্ষার্থী মুক্তিযোদ্ধা এবং বিশেষ কোটায় আবেদনের যোগ্যতা থাকলে তাকে কোটার জন্য FQ,SQ লিখতে হবে। উল্লিখিত কোটার আওতাধীন না হলে কোটার অপশনে কিছু লেখার প্রয়োজন নেই।

✡ ফিরতি SMS এ আবেদনকারীর নাম, কলেজ/সমমান প্রতিষ্ঠানের EIIN ও নাম, গ্রুপের নাম এবং শিফটসহ ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি PIN (Personal Identification Number) প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে Message অপশনে গিয়ে CAD<space>Yes<space>PIN<space>Contact Number (নিজের ব্যবহৃত যে কোন মোবাইল নাম্বার) লিখে Send করবে 16222 নাম্বারে।

✡ একজন আবেদনকারী একাধিক কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানে/একই কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানের একাধিক গ্রুপে/একই কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানের একাধিক শিফ্‌টে আলাদাভাবে আবেদন করতে পারবে, তবে প্রতিক্ষেত্রেই ফি বাবদ ১২০/- (একশত বিশ) টাকা কেটে নেওয়া হবে।

✡ SMS এর মধ্যেমে ভর্তির আবেদন ০৬/০৬/২০১৫ তারিখ হতে ১৮/০৬/২০১৫ তারিখ, রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত গ্রহণ করা হবে।

✡ **পছন্দক্রম নির্ধারণঃ** SMS এ আবেদনকারী তার পছন্দ অনুযায়ী প্রথমে যে কলেজ/সমমান প্রতিষ্ঠানের জন্য SMS করবে-সেটির পছন্দক্রম (Priority) ১ম হবে এবং দ্বিতীয় বার SMS এর জন্য কলেজ/সমমান প্রতিষ্ঠানটি পছন্দক্রম ২য় হবে। উল্লেখ্য যে, এসএমএস-এ আবেদনের পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে তার পর থেকে পছন্দক্রম শুরু হবে।

# অন-লাইনের মাধ্যমে ভর্তির আবেদন করার পদ্ধতি

✡ অন-লাইনে সর্বোচ্চ ৫ টি কলেজে আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি প্রদান করতে হবে।

✡ **আবেদন পদ্ধতিঃ** আবেদনকারীকে নির্ধারিত website-এ (xiclassadmission.gov.bd) যেয়ে Apply Online-এ Click করতে হবে; এর পর প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নাম্বার, বোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে তার ব্যক্তিগত তথ্য ও মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবে। এর পর নিজের/অভিভাবকের ব্যবহৃত যে কোন মোবাইল নাম্বার এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) দিতে হবে। এই মোবাইল নাম্বারের মাধ্যমে বিভিন্ন সময়ে প্রার্থীকে SMS প্রেরণ করা হবে বিধায়-নাম্বারটি নিশ্চিত হওয়ার জন্য ২ বার এন্ট্রি দিতে হবে। অতঃপর তাকে ভর্তিচ্ছু কলেজ, শিফ্‌ট, ভার্সন এবং গ্রুপ Select করতে হবে।

✡ **কোটার ক্ষেত্রেঃ** অনলাইনে মুক্তিযোদ্ধা, শিক্ষা ও বিশেষ কোটায় ও অন্যান্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে এবং পরবর্তীতে কলেজ কর্তৃক যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

✡ **পছন্দক্রম নির্ধারণঃ** অন-লাইনে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী প্রথমে যে কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানটি নির্বাচন করবে-সেটির পছন্দক্রম (Priority)১ম হবে এবং দ্বিতীয় বার নির্বাচনকৃত কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানটি পছন্দক্রম ২য় হবে। একইভাবে একজন প্রার্থী সর্বোচ্চ ৫ টি কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠান পছন্দক্রম দিয়ে আবেদন করতে পারবে। ফরমটি Submit করার পূর্ব পর্যন্ত পছন্দক্রম পরিবর্তন করার সুযোগ থাকবে। আবেদন ফরমটি সফলভাবে Submit করা হলে-প্রার্থী তার Application ID এবং Password পাবে। তাছাড়াও, প্রার্থীর মোবাইলে এ সংক্রান্ত ১টি SMS বার্তা যাবে। উল্লেখ্য যে, আবেদনকারী তার মেধামান ও পছন্দক্রম বিবেচনার ভিত্তিতে ভর্তির জন্য শুধুমাত্র একটি কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হবে।

✡ **ফি প্রদানঃ** অন-লাইনে সফলভাবে আবেদন Submit হওয়ার পর, প্রার্থীরা শুধুমাত্র টেলিটকের মোবাইল ব্যবহার করে SMS এর মাধ্যমে তাদের অন-লাইনে আবেদন ফি প্রদান করতে পারবে। টেলিটকের মোবাইল Message অপশন-এ যেয়ে নিম্নলিখিত নিয়মে আবেদন ফি প্রদান করতে হবে।

CAD<space>WEB<space>Application ID লিখে 16222 নাম্বারে Send করতে হবে। ফিরতি SMS এ আবেদনকারী নাম, Application ID, কলেজের সংখ্যা এবং ফি বাবদ ১৫০/- টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে Message অপশনে গিয়ে CAD<space>Yes<space>PIN লিখে 16222 নাম্বারে Send করতে হবে।

✡ **পছন্দক্রম সংশোধনঃ** নির্ধারিত সময়ের (১৮ জুন, ২০১৫ তারিখ) মধ্যে কোন আবেদনকারী তার আবেদনকৃত এসএমএস ও অন-লাইন উভয় ক্ষেত্রে কলেজ ও সমমান প্রতিষ্ঠান সমূহের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে চাইলে শুধুমাত্র অন-লাইনে তার Application ID এবং Password দিয়ে Login করে পছন্দক্রম সর্বোচ্চ ২ বার পরিবর্তন করতে পারবে।

✡ **পুনঃ নিরীক্ষণঃ** পুনঃনিরীক্ষণের মাধ্যমে যাদের ফল পরিবর্তন হবে তাদের আবেদনপত্র গ্রহণের তারিখ শুধুমাত্র ২১/০৬/২০১৫।

ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের মেধাক্রম ২৫/০৬/২০১৫ তারিখে SMS, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড এবং স্ব স্ব বোর্ডের নিজস্ব website ও xiclassadmission.gov.bd এর মাধ্যমে জানানো হবে। ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমে মন্ত্রণালয় ও বোর্ড প্রদত্ত নীতিমালা অনুসরণ করা হবে।

০৪/৬/১৫

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোন : ০৫৩১-৫১৮৮২
ফোন : ০৫৩১-৫১৯৭৪

অধ্যক্ষ
**সংশ্লিষ্ট সকল কলেজ সমূহ**
**অত্র শিক্ষা বোর্ড।**